

ঢাবির সিএসই বিভাগে ‘প্রফেশনাল মাস্টার্স’ কোর্স চালু

ঢাবি প্রতিবেদক

১১ আগস্ট ২০২৩ ০৬:৩৭ পিএম | আপডেট: ১১ আগস্ট ২০২৩ ০৬:৩৭ পিএম

4
Shares



ঢাকা বিশ্ববিদ্যালয় লোগো

advertisement..

দেশের সাইবার স্পেস সুরক্ষিত রাখা এবং দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগে (সিএসই) ‘প্রফেশনাল মাস্টার্স ইন ইনফরমেশন অ্যান্ড সাইবার সিকিউরিটি (PMICS)’ কোর্স চালু হয়েছে।

আজ শুক্রবার ঢাবি উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিভাগের অডিটোরিয়ামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

advertisement

প্রধান অতিথির বক্তব্যে আখতারুজ্জামান বলেন, 'সরকারের স্মার্ট বাংলাদেশের রূপকল্পকে বাস্তবায়িত করতে আইসিটি সেक्टरে অনেক দক্ষ জনশক্তি প্রয়োজন। ব্যাংক খাতে সাম্প্রতিক বিপর্যয় (এটিএম হ্যাকিং, সেন্ট্রাল রিজার্ভের চুরি), ব্যক্তিগত তথ্য অন্যের হাতে চলে যাওয়াসহ সাইবার নিরাপত্তার ক্ষেত্রে দেশীয় দক্ষতার অভাবের কারণে বর্তমানে জাতি অপ্রত্যাশিত আতঙ্কে রয়েছে। আজকের বিশ্বে, যে কোনো দেশ এবং এর আওতাধীন সংস্থাগুলিকে সাইবার স্পেসে হুমকির বিরুদ্ধে আত্মরক্ষার জন্য প্রস্তুত থাকতে হবে।'

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ তথ্য ও সাইবার নিরাপত্তায় দেশের জনশক্তিকে প্রয়োজনীয় দক্ষ হিসেবে গড়ে তুলতে সাহায্য করা এবং এই জাতীয় সংকটে সাড়া দেওয়ার প্রয়োজন রয়েছে বলে উল্লেখ করেন।

অনুষ্ঠানে বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. সাইফুদ্দিন মো. তারিকের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু। স্বাগত বক্তব্য দেন কোর্সের কো-অর্ডিনেটর অধ্যাপক ড. আবদুর রাজ্জাক।

উল্লেখ্য, PMICS প্রোগ্রাম একটি এক বছর ছয় মাস মেয়াদী প্রফেশনাল মাস্টার্স প্রোগ্রাম। প্রতি শিক্ষাবর্ষে দুই সেশনে ভর্তি নেওয়া হবে (জানুয়ারি-জুন) এবং (জুলাই-ডিসেম্বর)। আসন সংখ্যা সর্বোচ্চ ৪০টি। ইতোমধ্যে প্রথম ব্যাচে ভর্তি পরীক্ষার মাধ্যমে ৪০ জন শিক্ষার্থী ভর্তি হয়েছেন।